

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
 প্রশাসন শাখা
 www.probashi.gov.bd

মহা-পরিচালক
 জনশক্তি ব্যুরো
 প্রাপ্তির তাং ০৪/০৬/২০১৯
 ডায়েরী নং ২৫৩০
 পরিচালক (A)
 মুদ্রিত

স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : রৌনক জাহান, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 সভার তারিখ ও সময় : ২৮ জুলাই ২০১৯, বিকাল ০৩:০০ ঘটিকা
 সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (৬ষ্ঠ তলা)

সভার প্রারম্ভে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান ছুপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বলেন যে, সরকারি নির্দেশনা অনুসরণপূর্বক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন করা হবে। তিনি জাতীয় শোক দিবস পালনের গুরুত্ব ও তাৎপর্য আলোকপাত করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ বক্তব্য রাখেন।

০২। বিস্তারিত আলোচনার পর জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নিম্নলিখিত কর্মসূচি পালন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র. নং	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	১৫ আগস্ট ২০১৯ তারিখ প্রবাসী কল্যাণ ভবনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ;	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
২	যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট বৃহস্পতিবার ধানমন্ডি ৩২ নম্বর রোডে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;	মন্ত্রণালয়ের সেবা ও প্রটোকল শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা/বিকেটিটিসি/ বিজিটিটিসি/শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
৩	আগস্ট মাস ব্যাপী মন্ত্রণালয়ের ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রবাসী সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী, ছবি এবং (পিআইডি হতে সংগ্রহ পূর্বক) ডকুমেন্টারি প্রচার;	জনসংযোগ কর্মকর্তা ও আইসিটি সেল
৪	সকল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার বাদ জোহর মসজিদে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন;	সকল টিটিসি'র অধ্যক্ষ
৫	আগস্ট মাসে সুবিধাজনক সময়ে বিকেটিটিসি/বিজিটিটিসি/শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ-নাত প্রতিযোগিতা এবং চিত্র প্রদর্শনীর আয়োজন করবে।	বিকেটিটিসি/বিজিটিটিসি/শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষগণ
৬	১৮-৮-২০১৯ তারিখে মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারণ;	সেবা ও প্রটোকল শাখা/মন্ত্রণালয় ও অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারী
৭	১৮-৮-২০১৯ তারিখ বিকাল ০৩:০০ টায় প্রবাসী কল্যাণ ভবনের ২য় তলার ব্রিফিং সেন্টারে আলোচনা সভা;	মন্ত্রণালয় (প্রশাসন অনুবিভাগ) এবং ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, বিএমইটি ও বোয়েসেল
৮	১৮-৮-২০১৯ তারিখ বিকাল ০৪:০০ টায় দোয়া মাহফিল ও মোনাজাত;	সেবা ও প্রটোকল শাখা
৯	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাভুক্ত জেলা কর্মসংস্থান ও জনশক্তি (ডিইএমও) এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ১৫ আগস্ট ২০১৯ তারিখে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করবে।	বিএমইটি/টিটিসি (সকল)/ ডিইএমও (সকল) (সংশ্লিষ্ট ডিইএমও এর সহকারী পরিচালক এবং টিটিসিসমূহের অধ্যক্ষগণ বিষয়টি নিশ্চিত করবেন। এ বিষয়ে মহাপরিচালক, বিএমইটি নির্দেশনা জারি করবেন।)

(স্বাক্ষর)

১০	বিদেশস্থ শ্রম উইংসমূহ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক ১৫ আগস্ট ২০১৯ তারিখে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আয়োজিত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করবে।	অভিবাসী কল্যাণ অনুবিভাগ
১১	বিদেশে ওয়েজ আর্নাস কল্যাণ তহবিলের আর্থিক সহযোগিতায় পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট ২০১৯ তারিখে জাতীয় শোক দিবস পালন করবে।	অভিবাসী কল্যাণ অনুবিভাগ

০৩। জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত এ মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে অনুষ্ঠানসূচি এবং তবারক/নাস্তা বিতরণের লক্ষ্যে পৃথক একটি অফিস আদেশ জারি করবে।

০৪। সভাপতি জাতীয় শোক দিবস ২০১৯ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ ০১/০৮/২০১৯
(রৌনক জাহান)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

স্মারক নং-৪৯.০০.০০০০.০৪১.২৩.০০১.১৫-৭৪২

তারিখ: ০১ আগস্ট ২০১৯ খ্রি:

জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত কার্যবিবরণীটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

(মোঃ আবেদ আলী)
উপসচিব
ফোনঃ ৪১০৩০২৪১

ই-মেইল : dsadmin@probashi.gov.bd

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)/(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৩। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক।
- ৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৭। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৮। মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অধ্যক্ষ, বিকোটিটিসি/বিজেটিটিসি/শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ, ঢাকা।
- ১১। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১২। সহকারী সচিব (সকল)/জনসংযোগ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৩। অফিস কপি।